

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
প্রশিক্ষণ ও প্রিভিলেজ অধিশাখা

পত্র নম্বর : ১১.০০.০০০০.৮০৮.৩৯.০৪৬.২০১৬- ১৯০

তারিখ: ১২ আশ্বিন ১৪২৩ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ


বিষয়: মাননীয় সংসদ সদস্যগণের সমন্বয়ে National Social Security Strategy (NSSS) বিষয়ক
অবহিতকরণ কর্মশালায় আয়োজন প্রসঙ্গে।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের ২২ সেপ্টেম্বর ২০১৬ তারিখের ০৪.০০.০০০০.৭২২.১৪.০৩৪.১৫.১৭৩ নং পত্র।

উপর্যুক্ত বিষয়ে মহোদয়কে সদয় অবহিত করা যাচ্ছে যে, দারিদ্র্য বিমোচন, বৃহত্তর মানব উন্নয়ন এবং সর্বোপরি সামাজিক নিরাপত্তা কার্যক্রম সমূহকে আরও সুসংহত করার লক্ষ্যে সরকার কর্তৃক ২০১৫ সালে প্রণীত National Social Security Strategy (NSSS) অর্থাৎ জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলের উপর মাননীয় সংসদ সদস্যগণের সমন্বয়ে অবহিতকরণ কর্মশালা আয়োজনের জন্য সুত্রোক্ত পত্রে অনুরোধ করা হয়েছে। সেই প্রেক্ষিতে আগামী ০২ এবং ০৪ অক্টোবর ২০১৬ তারিখ বিকাল ০১.০০ টা হতে বিকাল ০৪.৩০ টা পর্যন্ত মাননীয় সংসদ সদস্যগণের সমন্বয়ে জাতীয় সংসদ ভবনের শপথ কক্ষে অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হবে। এ কর্মশালায় বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় স্পীকার ড. শিরীন শারমিন চৌধুরী এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। মাননীয় ডেপুটি স্পীকার জনাব মো: ফজলে রাব্বী মিয়া এমপি এবং মাননীয় চীফ হুইপ জনাব আ.স.ম ফিরোজ এমপি বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। মহোদয়ের সদয় জ্ঞাতার্থে বিস্তারিত অনুষ্ঠান সূচি এই সাথে সংযুক্ত করা হলো।

এ বিষয়ে উক্ত কর্মশালা আয়োজন সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য মহোদয়কে নির্দেশক্রমে সর্বিনয় অনুরোধ করা হলো।

সংযুক্ত: অনুষ্ঠানসূচি।


(এম. এ. কামাল বিলাহ)

উপসচিব (প্রশিক্ষণ ও প্রিভিলেজ)

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

- ১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জাতীয় প্রকল্প পরিচালক, এসএসপিএস প্রোগ্রাম, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
- ৪। সোসাল প্রটেকশন স্পেশালিস্ট, এসএসপিএস প্রোগ্রাম, ইউএনডিপি বাংলাদেশ।
- ৫। সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন সমন্বয় শাখা), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মাননীয় সংসদ সদস্যগণের জন্য **National Social Security Strategy (NSSS) বিষয়ক অবহিতকরণ কর্মশালা**

তারিখ: ০২ অক্টোবর ২০১৬, রবিবার

স্থান: শপথ কক্ষ, জাতীয় সংসদ ভবন

অনুষ্ঠান সূচি

সময়	কার্যক্রম	অংশ গ্রহণে/ মন্তব্য
বিকাল ০১.০০ টা	রেজিস্ট্রেশন ও দুপুরের খাবার	জাতীয় সংসদ ভবনের ভি.আই.পি ক্যাফেটেরিয়া
বিকাল ০২.১৫ টা	কার্যক্রম শুরু	শপথ কক্ষ
বিকাল ০২.১৫ টা	সভাপতি কর্তৃক স্বাগত বক্তব্য	মন্ত্রিপরিষদ সচিব
বিকাল ০২.২৫ টা	কর্মশালার উদ্দেশ্য, বাস্তবায়ন পরিকল্পনা ও প্রত্যাশিত ফলাফল বিষয়ক বক্তব্য	সচিব (সমন্বয় ও সংস্কার)/ অতিরিক্ত সচিব (সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ
বিকাল ০২.৩০ টা	National Social Security Strategy (NSSS) বিষয়ক বক্তব্য উপস্থাপন	সদস্য- সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন
বিকাল ০৩.০০ টা	উন্মুক্ত আলোচনা	অংশ গ্রহণকারী সকল
বিকাল ০৩.৩৫ টা	বিশেষ অতিথিগণের বক্তব্য	
বিকাল ০৪.০৫ টা	প্রধান অতিথির ভাষণ	
বিকাল ০৪.২০ টা	সভাপতির সমাপনী বক্তব্য	
বিকাল ০৪.২৫ টা	কর্মশালার সমাপ্তি	

